''শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শাখা: কারিগরি-১
www.tmed.gov.bd

নং ৫৭.০০.০০০০.০৫১.১১.০০৭.২০১৮-৯৪

তারিখ: ১৬ মাঘ, ১৪২৫ বঙ্গাব্দ
২৯ জানুয়ারি, ২০১৯ খ্রিস্টাব্দ

# প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের নিয়োগ সুপারিশের পরিপ্রেক্ষিতে কারিগরি শিক্ষা অধিদপ্তরাধীন ইঞ্জিনিয়ারিং কলেজসমূহের (সিলেট, ময়মনসিংহ ও ফরিদপুর) নিম্নলিখিত শূন্যপদে তাদের নামের পাশে বর্ণিত পদ ও জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী নির্ধারিত শর্তে অস্থায়ীভাবে নিয়োগ করা হলোঃ

| ক্রঃ নং | নাম, পিতার নাম ও মাতার নাম | স্থায়ী ঠিকানা | পদের নাম | জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী |
|---|---|---|---|---|
| ১। | জনাব মৃনাল কান্তি রায়<br>পিতা- বলরাম কৃষ্ণ রায়<br>মাতা- শংকরী রাণী রায় | ফ্লাট, বাড়ী ও সড়ক নম্বর ঃ ১৫৩<br>গ্রামঃ হামছাদী, ডাকঃ কাজির দিঘীর পাড়<br>থানা/উপজেলাঃ লক্ষীপুর সদর,<br>জেলাঃ লক্ষীপুর | প্রভাষক<br>(নন-টেক/রসায়ন)<br>(১ম শ্রেণির পদ) | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ২। | জনাব আফিয়া বেগম<br>পিতা- মোঃ আফতাব উদ্দিন<br>মাতা- হাসিনা বেগম | ফ্লাট, বাড়ী ও সড়ক নম্বর ঃ ৭২/৬<br>গ্রামঃ উত্তর যাত্রাবাড়ী, ডাকঃ গেন্ডারিয়া<br>থানা/উপজেলাঃ ডেমরা,<br>জেলাঃ ঢাকা | প্রভাষক<br>(নন-টেক/পদার্থ)<br>(১ম শ্রেণির পদ) | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ৩। | জনাব শাহেদ মাহমুদ<br>পিতা- মোঃ সহিদুর রহমান<br>মাতা- মোছাঃ সামসুন নাহার | প্রযত্নে: মো: সহিদুর রহমান<br>গ্রামঃ শহীদ সড়ক, স্টেশনপাড়া, ডাকঃ আলমডাঙ্গা<br>থানা/উপজেলাঃ আলমডাঙ্গা,<br>জেলাঃ চুয়াডাঙ্গা | ওয়ার্কশপ/<br>ল্যাবরেটরী ইনচার্জ<br>(১ম শ্রেণির পদ) | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ৪। | জনাব উৎপল গোস্বামী<br>পিতা- মনোরঞ্জন গোস্বামী<br>মাতা- হেমলতা গোস্বামী | গ্রামঃ আলদাদপুর, ডাকঃ চাঁন্দামারী<br>থানা/উপজেলাঃ গংগাচড়া<br>জেলাঃ রংপুর | | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ৫। | জনাব মোঃ তিতুমীর হাসান<br>পিতা- মোঃ সিরাজুল ইসলাম<br>মাতা- মোছাঃ রওশন আরা বেগম | গ্রামঃ কোষা বন্দর পাড়া<br>ডাকঃ কোষা রাণীগঞ্জ<br>থানা/উপজেলাঃ পীরগঞ্জ, জেলাঃ ঠাকুরগাঁও | ওয়ার্কশপ<br>মেইনটেন্যান্স<br>ইঞ্জিনিয়ার<br>(১ম শ্রেণির পদ) | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ৬। | জনাব তুষার কুমার দাশ<br>পিতা- নারায়ন চন্দ্র দাশ<br>মাতা- মিনা রানী দাশ | গ্রামঃ ভূঞাগাঁতী, ডাকঃ ভূঞাগাঁতী<br>থানা/উপজেলাঃ রায়গঞ্জ<br>জেলাঃ সিরাজগঞ্জ | | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ৭। | জনাব রুম্পা রানী সরকার<br>পিতা- রতন কুমার সরকার<br>মাতা- রেবা রানী সরকার | ফ্লাট, বাড়ী ও সড়ক নম্বরঃ ওয়ার্ড নং-০১, গ্রামঃ গুলশান মোড় (বুলুপাড়া), ডাকঃ জয়পুরহাট-৫৯০০, থানা/উপজেলাঃ জয়পুরহাট সদর,<br>জেলাঃ জয়পুরহাট | | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |
| ৮। | জনাব গোলাম হোছাইন খান<br>পিতা- আব্দুল মালেক খান<br>মাতা- পেয়ারা বেগম | ফ্লাট, বাড়ী ও সড়ক নম্বরঃ ইসমাইল ইঞ্জিনিয়ারের বাড়ী, গ্রামঃ সাহেবাবাদ, ডাকঃ সাহেবাবাদ (৩৫২৬), থানা/উপজেলাঃ বি-পাড়া,<br>জেলাঃ কুমিল্লা | লাইব্রেরীয়ান<br>(১ম শ্রেণির পদ) | টাকা ২২,০০০-৫৩,০৬০/- |

**শর্তাবলী :**

(ক) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বুনিয়াদি প্রশিক্ষণ গ্রহণ করতে হবে ;

(খ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে ০২ (দুই) বছরকাল শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি তিনি কর্তৃপক্ষের বিবেচনায় চাকরিতে বহাল থাকার অনুপযোগী হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের সঙ্গে পরামর্শ ব্যতিরেকে তাকে চাকরি হতে অপসারণ করা যাবে;

(গ) উপানুচ্ছেদ (ক) ও (খ)-এ বর্ণিত শর্তাবলি পূরণ সাপেক্ষে তাকে চাকরিতে স্থায়ী করা হবে;

(ঘ) নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাকে চাকরিতে যোগদাকালে একজন উপযুক্ত জামানতদারসহ ৩০০/- (তিন শত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে, যদি তিনি শিক্ষানবিশকালে অথবা শিক্ষানবিশকাল উত্তীর্ণ হওয়ার ০৩ (তিন) বছরের মধ্যে চাকরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে বাধ্য থাকবেন। তাছাড়া বন্ডে নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না কিংবা দিবেন না মর্মে উল্লেখ করতে হবে ;

(ঙ) সরকারের পাওনা পরিশোধ ব্যতিরেকে চাকরিতে ইস্তফা প্রদানের ক্ষেত্রে পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট, ১৯১৩ এর বিধান অনুসারে সমুদয় পাওনা আদায়যোগ্য হবে এবং সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণীয় হবে;

(চ) বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশনের নিয়োগ পরীক্ষার ফলাফলের ভিত্তিতে এবং প্রচলিত সরকারি বিধি-বিধান অনুযায়ী তার জ্যেষ্ঠতা নির্ধারিত হবে;

(ছ) যদি তিনি কোন বিদেশি নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অঙ্গীকার বদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

(জ) The Government Servants (Conduct) Rules, 1979 এর ১৩(১) উপ-বিধি অনুযায়ী সকল স্থাবর-অস্থাবর সম্পত্তির বিবরণ সংবলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষের নিকট জমা দিতে হবে;

(ঝ) উল্লিখিত শর্তাবলি বিভাগীয় প্রার্থীর ক্ষেত্রেও প্রযোজ্য হবে;

(ঞ) চাকরিতে যোগদানের জন্য কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

(ট) এ প্রজ্ঞাপনে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তার চাকুরি সংক্রান্ত কোন বিষয় সরকারের প্রচলিত আইন, বিধি-বিধান, প্রজ্ঞাপন ও আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে;

০২। বর্ণিত শর্তাবলি গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ১৪ ফেব্রুয়ারি ২০১৯ খ্রি. তারিখ রোজ বৃহস্পতিবার মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা- ১২০৭ বরাবর যোগদান করতে অনুরোধ করা হলো। নির্ধারিত তারিখে চাকরিতে যোগদান করতে অসমর্থ হলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন মর্মে বিবেচিত হবে। এ ক্ষেত্রে তার নিয়োগপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

০৩। জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

২৯.০১.১৯

(মোঃ আব্দুল্লাহ)
উপসচিব (কারিগরি-১)
ফোনঃ ৯৫৮৪৬৬৬

**অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে**

১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা।
৪। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৫। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। মাননীয় উপ-মন্ত্রীর একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন,ঢাকা।
৮। অধ্যক্ষ, সিলেট/ময়মনসিংহ/ফরিদপুর ইঞ্জিনিয়ারিং কলেজ।
৯। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।
১০। উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা। (প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১১। প্রোগ্রামার, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
১২। জনাব ..........................................................................................................................
১৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

D:\Ousman\Technical-1\Poggapon (GO-40-Nikosh).doc